

Subject:PLSA Sem:3rd Course:CC3-7. TOPIC: সন্ত্রাসবাদ দমনে আন্তর্জাতিক উদ্যোগ
Teacher:Apurba Mohan Mukhopadhyay

বিংশ শতাব্দীর ৭০এর দশকের আছে পর্যন্ত সন্ত্রাসবাদ দমনে তেমন কোনো আন্তর্জাতিক উদ্যোগ পরিলক্ষিত হয় নি। তখন বিশ্ব সন্ত্রাসবাদের বিস্তার ঘটে নি। এছাড়া সন্ত্রাস মূলত কোনো রাষ্ট্রের ভৌগোলিক সীমানার মধ্যে সীমাবদ্ধ ছিল। বর্তমানে আন্তর্জাতিক সন্ত্রাসবাদ সারা বিশ্বের সামনে অশুভ শক্তি হিসেবে উপস্থিত হয়েছে। বর্তমানে যে কোনো সন্ত্রাস আন্তর্জাতিক আইন অনুসারে অপরাধ বলে গণ্য হয়েছে। বিংশ শতাব্দীর ৭০এর দশক থেকে সন্ত্রাসবাদ দমন করতে যে আন্তর্জাতিক উদ্যোগ পরিলক্ষিত হয় সেগুলো আলোচনা করা হলো: ১) ১৯৭২ সালে রাষ্ট্রসম্মত সন্ত্রাসবাদ দমনে একটি বিশেষ কমিটি গঠন করে। কিন্তু সহযোগিতার এভাবে টা কার্যকর হয় নি। ২) ১৯৭৩ সালে নিউইয়র্কে রাষ্ট্রসম্মত কনভেনশন হয়। সেখান বিভিন্ন দেশের কূটনৈতিক ও গুরুত্বপূর্ণ ব্যক্তি সন্ত্রাসবাদের শিকার হলে কি ব্যবস্থা নেওয়া হবে তা আলোচিত হয়। ৩) ১৯৮৭ সালে রাষ্ট্রসম্মত সাধারণ সভা নিজ উদ্যোগে সন্ত্রাসবাদ সংক্রান্ত একটি বিশেষ কনভেনশন আহ্বান করে এবং সেখানে এক বা একাধিক রাষ্ট্র সন্ত্রাসবাদের শিকার হলে কি ধরনের উদ্যোগ নেওয়া উচিত তা আলোচনা করে। ৪) ১৯৯২ সালে রাষ্ট্রসম্মত তৎকালীন মহাসচিব বুর্তস ঘালী সাধারণ সভায় Agenda for Peace নামে প্রতিবেদন পেশ করেন। সেখানে বলা হয়েছিল সন্ত্রাসবাদীরা যেভাবে উন্নত প্রযুক্তি ও কৌশল ব্যবহার করছে তাকে যে কোনো মূল্যে প্রতিহত করা। ৫) ২০০০ সালে অনুষ্ঠিত রাষ্ট্রসম্মত millennium বৈঠকে সমস্ত ধরনের সন্ত্রাসকে জরুরী ভিত্তিতে দমন করার লক্ষ্যে উপস্থিত রাষ্ট্রগুলি সহমত পোষণ করে। ৬) ২০০১ সালের ১১ সেপ্টেম্বর আমেরিকায় সন্ত্রাস হানার প্রেক্ষিতে বিশেষ বৈঠক হয় এবং সেখানে ঠিক হয় যে, সন্ত্রাসের সাথে ন্যূনতম সম্পর্ক আছে এমন ব্যক্তি বা গোষ্ঠীকে চূড়ান্ত শাস্তি দিতে হবে। ৭) ১৯৮৭ সালে SAARC ভুক্ত রাষ্ট্রগুলো সন্ত্রাসবাদ দমনে যৌথভাবে কিছু পদক্ষেপ নেয়। এই চুক্তি অনুসারে ভিন্ন রাষ্ট্র থেকে আগত সন্ত্রাসবাদীদের বিচার ও শাস্তিদানের অধিকার সদস্য রাষ্ট্রগুলোর উপর ন্যস্ত হয়। ৮) OAU, আরব লীগ প্রভৃতি আঞ্চলিক সংগঠন গুলো সন্ত্রাসবাদ দমনে একগুচ্ছ নীতি নেয়। ৯) ২০০১ সালে Shanghai co-operation organization এর উদ্যোগে রাশিয়া, চীন ও মধ্য এশিয়ার দেশ গুলো সন্ত্রাসবাদ দমনে যৌথ মোর্চা গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। ১০) দক্ষিণ এশিয়ার ASEAN ভুক্ত রাষ্ট্রগুলো ও মার্কিন যুক্তরাষ্ট্র অনুরূপ উদ্যোগ গ্রহণ করে। ১১) ২০০৬ সালে হাভানায় NAM এর সম্মেলনেও সন্ত্রাসবিরোধী পদক্ষেপ গৃহীত হয়।